

পরিপত্র

বিষয়ঃ চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী সরকারি কর্মকর্তা/কর্মচারির উত্তরাধিকারীর নিকট অথবা অক্ষম (সম্পূর্ণ মানসিক প্রতিবন্ধী বা পঞ্জু হয়ে অবসর গ্রহণকারী দুর্দশাগ্রস্ত) কর্মকর্তা/কর্মচারির নিকট থেকে অনাদায়ী ঋণের অপরিশোধিত আসল ও সুদ বা দন্ডসুদ মওকুফ সংক্রান্ত সংশোধিত নীতিমালাঃ

চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী সরকারি কর্মকর্তা/কর্মচারির উত্তরাধিকারীর নিকট থেকে অথবা অক্ষম কর্মকর্তা/কর্মচারির নিকট থেকে অনাদায়ী ঋণের অপরিশোধিত আসল ও সুদ বা দন্ডসুদ মওকুফের বিষয়ে ইতঃপূর্বে সময়ে সময়ে জারিকৃত নীতিমালার পরিবর্তে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

২.০ এ নীতিমালার আওতায় গৃহ নির্মাণ, গৃহ মেরামত, কম্পিউটার, মোটরকার ও মোটর সাইকেল ঋণের অপরিশোধিত আসল ও সুদ বা দন্ডসুদ মওকুফের বিষয় বিবেচিত হবে। “প্রাধিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা”-এর আওতায় গৃহীত ঋণ মওকুফের বিষয়টি এ নীতিমালার আওতায় বিবেচিত হবে না।

২.১ ঋণ মওকুফের প্রস্তাব প্রক্রিয়াকরণঃ

২.২ ঋণ মওকুফের প্রস্তাব পেশকরণ সংক্রান্ত অর্থ বিভাগের নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণপূর্বক অধিদপ্তর/পরিদপ্তরের ক্ষেত্রে বিভাগীয় প্রধান এবং মন্ত্রণালয়/বিভাগের ক্ষেত্রে সিনিয়র সচিব/সচিবের সুস্পষ্ট সুপারিশসহ প্রেরণ করতে হবে।

২.৩ ঋণ মওকুফের প্রস্তাব পেশকরণ সংক্রান্ত ফরম-এর সংশ্লিষ্ট কলামে এককালীন প্রাপ্য গ্র্যাচুইটি (শেষ বেতনের পেনশনযোগ্য অংকের ৫০%) পরিশোধ করা হয়েছে কিনা তা সুস্পষ্টভাবে অবশ্যই উল্লেখ করতে হবে।

৩.০ আসল ও সুদ মওকুফের বিষয়ে সুপারিশ প্রদানের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হলোঃ

(১)	অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় নিয়ন্ত্রণ), অর্থ বিভাগ	-	সভাপতি
(২)	অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ	-	সদস্য
(৩)	অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ	-	সদস্য
(৪)	মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের একজন প্রতিনিধি	-	সদস্য
(৫)	জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	-	সদস্য
(৬)	যুগ্ম-সচিব (বাজেট-১), অর্থ বিভাগ	-	সদস্য
(৭)	সরকারি কর্মচারি কল্যাণ বোর্ডের একজন প্রতিনিধি	-	সদস্য
(৮)	উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব (বাজেট-২), অর্থ বিভাগ	-	সদস্য-সচিব

৪.০ কমিটি সাধারণভাবে প্রতিমাসে একটি সভা করবে।

৫.০ কমিটি আসল ও সুদ মওকুফের ক্ষেত্রে নিম্নরূপ বিষয়াদি বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান করবেঃ

৫.১ ঋণ গ্রহীতা সরকারি কর্মকর্তা/কর্মচারি চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে অথবা অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণ করলে গৃহীত ঋণের অপরিশোধিত আসল ও সুদ মওকুফের বিষয় বিবেচনাযোগ্য হবে। এক্ষেত্রে অবসর উত্তর ছুটিকালও (পি আর এল) চাকুরিকাল হিসেবে গণ্য হবে।

৫.২ ঋণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারি প্রাপ্য গ্র্যাচুইটি মৃত্যুর পূর্বে নিষ্পত্তি হয়ে থাকলে তাদের ক্ষেত্রে মওকুফের প্রস্তাব বিবেচনাযোগ্য হবে না।

৫.৩ চাকুরিরত অবস্থায় কোন সরকারি কর্মকর্তা/কর্মচারি দায়দেনাগ্রস্ত নিঃস্ব পরিবার পরিজন রেখে মৃত্যুবরণ করলে অথবা অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণ করলে তাদের ক্ষেত্রে প্রাপ্য সরকারি সুবিধাদি বিবেচনাক্রমে আসল ও সুদ মওকুফযোগ্য হবে।

পূর্ব পৃষ্ঠার পরঃ

- ৫.৪ প্রাপ্য গ্র্যাচুইটি মোট ১২.০০ লক্ষ (বার লক্ষ) টাকা বা তদুর্ধ্ব হলে ৫.৩-এ উল্লেখিত ক্ষেত্র ব্যতীত আসল মওকুফ বিবেচনায় আনা হবে না;
- ৫.৫ অপরিশোধিত ঋণের পরিমাণ অবসরজনিত এককালীন প্রাপ্যের অর্ধেক বা বেশী হলে (শেষ বেতনের পেনশনযোগ্য অংকের ৫০%) মৃত/অক্ষম ব্যক্তির পরিবারের সদস্য সংখ্যা, ছেলে-মেয়েদের বয়স, লেখাপড়া ও আর্থিক অবস্থা ইত্যাদি বিবেচনাপূর্বক কমিটি আসল মওকুফের সুপারিশ করবে।
- ৫.৬ দুস্থ/অসহায় পরিবার পরিজন রেখে চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী/অক্ষমতাজনিত কারণে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারির ক্ষেত্রে অপরিশোধিত সুদের সম্পূর্ণ অংশ মওকুফের বিষয় বিবেচনাযোগ্য হবে।
- ৬.০ সুদ ও আসল মওকুফের হিসাব একটি রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে। কোন অর্থবছরে আসল ও সুদসহ মওকুফের পরিমাণ বাজেটে বরাদ্দকৃত অংকের অতিরিক্ত হবে না।
- ৭.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

Megum
26.07.2019
(দিলারা বেগম)
উপ-সচিব
ফোনঃ ৯৫৫০৩০৮

বিতরণঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
৪. সকল সদস্য, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (সংগঠন ও ব্যবস্থাপনা) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব, বাজেট অনুবিভাগ-১/২, অর্থ বিভাগ।
৭. যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ ১/২, অর্থ বিভাগ।
৮. উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব, বাজেট অনুবিভাগ-১/২, অর্থ বিভাগ।
৯. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সকল মন্ত্রণালয়/বিভাগ।

**মৃত/অক্ষমতাজনিত কারণে অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা/কর্মচারির ঋণ মওকুফের প্রস্তাব
পেশকরণ সংক্রান্ত ফরম**

- ০১। মৃত কর্মকর্তা/কর্মচারির নামঃ-----
- ০২। মৃত কর্মকর্তা/কর্মচারির পিতার নামঃ-----
- ০৩। মৃত কর্মকর্তা/কর্মচারির মাতার নামঃ-----
- ০৪। মৃত কর্মকর্তা/কর্মচারির পদবী ও পদ মর্যাদা (১ম/২য়/৩য়/৪র্থ শ্রেণী): -----
- ০৫। মৃত কর্মকর্তা/কর্মচারির সর্বশেষ কর্মস্থলের ঠিকানাঃ -----

- ০৬। মৃত/অক্ষম/পঞ্জু কর্মকর্তা/কর্মচারির জন্ম তারিখ : -----
- ০৭। (ক) ঋণ গ্রহিতা মৃত হলে মৃত্যুর তারিখ (ডাক্তারী সনদপত্র সংযুক্ত করতে হবে): -----
(খ) ঋণ গ্রহিতা অক্ষম/পঞ্জু হলে অক্ষমতা/পঞ্জুত্ববরণের তারিখ (প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে):

- ০৮। মৃত্যু/অক্ষম/পঞ্জুত্বের তারিখে মোট বয়স : ----- বছর ----- মাস ----- দিন
- ০৯। সরকারি চাকুরিতে যোগদানের তারিখঃ-----
- ১০। মোট চাকুরিকালঃ ----- বছর ----- মাস ----- দিন
- ১১। মূল বেতন ----- এবং বেতন স্কেলঃ-----
- ১২। ঋণ গ্রহিতা চাকুরিরত অবসহায় মারা গেছেন কি/না (উত্তর হ্যাঁ হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়ন সংযুক্ত করতে হবে):
- ১৩। ঋণ গ্রহিতার পেনশন নিষ্পত্তি হয়ে থাকলে পেনশন নিষ্পত্তিকালে সরকারি পাওনা পেনশন হতে কর্তন করা হয়েছে কি/না (উত্তর হ্যাঁ হলে সংশ্লিষ্ট হিসাব রক্ষণ অফিসের প্রত্যয়ন সংযুক্ত করতে হবে)
- ১৪। ঋণ সংক্রান্ত তথ্য (মঞ্জুরীপত্র ও অডিট/হিসাবরক্ষণ অফিসের হিসাব বিবরণী সংযুক্ত করতে হবে):

ঋণের নাম	গ্রহিত আসল	পরিশোধিত আসল	অপরিশোধিত আসল	অপরিশোধিত সুদ	মোট সরকারি পাওনা
গৃহ-নির্মাণ					
গৃহ মেরামত					
কম্পিউটার					
মোটর গাড়ি					
মোটর সাইকেল					

- ১৫। মরহমের মৃত্যুজনিত সুবিধাদির পরিমাণ (টাকায় উল্লেখ করতে হবে):

প্রাপ্য সুবিধাদির বিবরণ	প্রাপ্ত/প্রাপ্য টাকা	মমতব্য
(ক) গ্র্যাচুইটি		প্রদান করা হইয়াছে/ হয় নাই
(খ) মাসিক পেনশন		প্রদান করা হইয়াছে/ হয় নাই

* * প্রাপ্ত/প্রাপ্য গ্র্যাচুইটি ও মাসিক পেনশনের পরিমাণ এবং তা প্রদান করা হয়েছে/হয়নি উপরের ছকে তা অবশ্যই উল্লেখ করতে হবে।

১৬। পরিবারের সদস্যদের বিবরণঃ

ক্রমিক নং	নাম	বয়স	ঋণ গ্রহিতার সাথে সম্পর্ক	পেশা	বার্ষিক আয়

১৭। ঋণ গ্রহিতা চাকুরি ব্যতীত অন্য সূত্রে বার্ষিক আয়ের পরিমাণঃ -----

১৮। যৌথবীমা ব্যতীত মরহমের জীবন বীমা ছিল কিনা? থাকলে কত টাকার (বীমাকৃত অংশের পরিমাণ উল্লেখ করতে হবে):

১৯। অগ্রিমের অর্থে ক্রয়কৃত জমি/জমিসমেত বাড়ি, কম্পিউটার এবং যানবাহনের বর্তমান বাজার দরে মূল্য উল্লেখপূর্বক তা বিক্রয়ের মাধ্যমে সরকারি প্রাপ্য পরিশোধ করা সম্ভব কিনাঃ

২০। মরহমের স্থাবর ও অস্থাবর সম্পদের বাজার দরে মূল্য (অগ্রিমের অর্থে ক্রয়কৃত সম্পদ ব্যতীত):

২১। আবেদনকারীর স্থায়ী ঠিকানা/পত্র যোগাযোগের ঠিকানা (ফোন/মোবাইল নম্বরসহ):

বিভাগীয় প্রধান-এর স্বাক্ষর
(সীল মোহর)

সচিব (মুখ্য হিসাব রক্ষণ কর্মকর্তা)-এর স্বাক্ষর
(সীল মোহর)